

ফাতওয়া নাম্বার: ৩৬৯

প্রকাশকাল: ২২-০৫-২০২৩ ইং

## কাগুজে নোট দিয়ে যাকাত আদায়ের বিধান

### প্রশ্ন:

টাকা দিয়ে যাকাত আদায় করলে কি যাকাত আদায় হয়? একটু বিস্তারিত জানালে উপকৃত হতাম।

নাম- মুহাম্মাদ হানিফ আল মাহ্দী

### উত্তর:

জী, টাকা দিয়ে যাকাত আদায় করলে যাকাত আদায় হয়ে যাবে। কাগুজে নোট সোনা রূপার মতো সৃষ্টিগত মুদ্রা না হলেও মানুষের ব্যবহার ও সামাজিক প্রচলনে বর্তমানে এগুলো মুদ্রায় পরিণত হয়েছে। বর্তমানে সরাসরি এগুলোকেই স্বতন্ত্র মূল্যমান-বিশিষ্ট ও অন্যান্য সম্পদের ন্যায় সম্পদ গণ্য করা হয়; সোনা রূপার চেক গণ্য করা হয় না। তাই এগুলোর দ্বারা ক্রয়-বিক্রয়, ঋণ পরিশোধ, দান-সাদাকা সবই জায়েয। সুদের বিধি-নিষেধও এগুলোতে প্রযোজ্য। কারও কাছে প্রয়োজনতিরিক্ত নেসাব পরিমাণ কাগুজে নোট থাকলে তাতে যাকাত ফরয হবে। যাকাত আদায়ের ক্ষেত্রে নোট প্রদান করলে তা দ্বারা যাকাত আদায় হয়ে যাবে।

এক সময় কাগুজে নোটগুলো যখন চেক হিসেবে ব্যবহৃত হতো, তখন উলামায়ে কেবাম ফতোয়া দিয়েছিলেন, নোট দিয়ে যাকাত আদায় হবে না; যেমন বর্তমানে কেউ টাকা না দিয়ে টাকার চেক ধরিয়ে দিলে যাকাত আদায় হবে না, যতক্ষণ পর্যন্ত না গরীব ব্যক্তি চেক ভাঙিয়ে টাকা হস্তগত করবেন। [যেমন দেখুন: ইমদাদুল ফাতাওয়া (জাদিদ) ৩/৫০৬, ফাতাওয়া মাহমুদিয়া ৯/৩৯২]

কিন্তু পরবর্তীতে যখন সোনা-রূপার মুদ্রা সম্পূর্ণ বিলীন হয়ে যায় এবং কাগুজে নোটগুলোই সরাসরি মুদ্রা হিসেবে ব্যবহৃত হতে থাকে, তখন উলামায়ে কেরাম ফতোয়া দেন যে, সরাসরি নোট দিয়ে যাকাত আদায় হয়ে যাবে, যেমন সোনা-রূপার মুদ্রা দ্বারা আদায় হয়।

দেখুন: তাবইনুল হাকায়েক: ৪/১৪১; ফাতাওয়া মাহমুদিয়া ৯/৩৯১,  
বুহুস ১/১৭০, ফিকহুল বুয়ু ২/৭৩৩

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

.১৯-১০-১৪৪৪ হি

১০-০৫-২০২৩ ঈ.

